



বিআইডব্লিউটিসি
বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশন
নৌপরিবহন মন্ত্রণালয়
ফেয়ারলী হাউজ, ২৪ কাজী নজরুল ইসলাম এভিনিউ, শাহবাগ, ঢাকা-১০০০
Website: www.biwtc.gov.bd

বিআইডব্লিউটিসি এর আগামী ১ (এক) বছরের কর্মপরিকল্পনা

❖ স্মার্ট বিআইডব্লিউটিসি বিনির্মাণ

- ১) ই টিকেটিং প্রবর্তন করে সংস্থার ফেরি সার্ভিস সমূহকে একটি স্মার্ট ও ট্রান্সপারেন্ট সিস্টেমে রূপান্তর করা।
- ২) বিদ্যমান ফেরি ও জাহাজ সার্ভিসের নিরাপত্তা জোরদারকরণ, নজরদারী বাড়ানো এবং দুর্ঘটনা রোধে সার্বিক ব্যবস্থা গ্রহণ।
- ৩) সংস্থার সব ধরনের কার্যক্রমকে ডিজিটলাইজেশন পদ্ধতিতে একই প্ল্যাটফর্মে এনে সমন্বিত ব্যবস্থাপনা চালুকরণ।

❖ সংস্থার আয় বৃদ্ধি ও ব্যয় হ্রাস

- ৪) সংস্থার আয় বৃদ্ধির লক্ষ্যে বর্তমানে বসে থাকা জাহাজসমূহকে নতুন নতুন বুটে চালানো অথবা চার্টার প্রদান করা।
- ৫) নিজস্ব ডকইয়ার্ডসমূহের পরিকল্পিত ব্যবহারের মাধ্যমে স্বল্প খরচে মেরামত ও রুটিন ডকিং সম্পন্ন করা।
- ৬) ফুয়েল সেভিংস এর সর্বাঙ্গিক ব্যবস্থা গ্রহণ।
- ৭) বয়স উত্তীর্ণ ও অলাভজনক ফেরিসমূহকে যথাশীঘ্র সম্ভব নব-নির্মিত ফেরি দ্বারা প্রতিস্থাপন করা যাতে সংস্থার লোকসান হ্রাস করা সম্ভব হয়।
- ৮) সংস্থার আয় বৃদ্ধির জন্য বাণিজ্য, খাদ্য, শিল্প, বিদ্যুৎ ও খনিজসম্পদ মন্ত্রণালয়ের মাধ্যমে বিদেশ থেকে আমদানিকৃত পণ্য, খাদ্য শস্য, সার ও জ্বালানী পরিবহনে বিআইডব্লিউটিসি'র নৌযানের জন্য কোটা সংরক্ষণের লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ।
- ৯) উপকূলীয় অঞ্চলে দক্ষ ও টেকসই নৌযান পরিচালনার নিমিত্ত বিআইডব্লিউটিসি কর্তৃক উপযুক্ত ঘাট অবকাঠামো এবং স্থানীয় সরকার কর্তৃক প্রয়োজনীয় সংযোগ সড়ক নির্মাণের লক্ষ্যে আন্তঃবিভাগ ও আন্তঃমন্ত্রণালয়ে যোগাযোগ বৃদ্ধিকরণ।
- ১০) ঢাকাসহ সংস্থার বিভিন্ন অঞ্চলে বিআইডব্লিউটিসি'র যেসকল জমিজমা রয়েছে সেগুলোর মালিকানা সুদৃঢ় ও সুসংহত করা এবং এ সকল জমি বাণিজ্যিকভাবে সদ্যবহার করে সংস্থার আয়ের সুযোগ তৈরী করা।
- ১১) সংস্থার রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে যথাশীঘ্র সম্ভব ঘাটসমূহে ওয়েব্রীজ স্কেল স্থাপন।

❖ মানব সম্পদ উন্নয়ন

- ১২) ডকইয়ার্ডসমূহের অপ্রচলিত ট্রেডের লোকবলকে প্রশিক্ষিত করে ডকইয়ার্ডের সক্ষমতা বাড়ানো।

বিআইডব্লিউটিসি এর আগামী ৫ (পাঁচ) বছরের কর্মপরিকল্পনা

- ১) “বিআইডব্লিউটিসি’র প্রধান কার্যালয় ভবন নির্মাণ” শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিতকরণ।
- ২) “বিআইডব্লিউটিসি’র চট্টগ্রামস্থ টার্মিনাল ১ ও ২ এ জেটি নির্মাণসহ অবকাঠামো উন্নয়ন ও আধুনিকায়ন” শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিতকরণ।
- ৩) KEximbank এর ঋণে বাস্তবায়িতব্য “**Strengthening the capacity of BIWTC**” শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিতকরণ।
- ৪) বিআইডব্লিউটিএ ও বিআইডব্লিউটিসি’র যৌথ প্রকল্প গ্রহণের মাধ্যমে ফেরি বুটসমূহে জেটি, ঘাট, পল্টুন, এপ্রোচ রোড ও অবকাঠামো নির্মাণের উদ্যোগ গ্রহণ।
- ৫) সংস্থার গুরুত্বপূর্ণ জমি/ অবকাঠামো সুরক্ষাকল্পে সীমানা প্রাচীর নির্মাণ।
- ৬) সংস্থার সব ধরনের কার্যক্রমকে ডিজিটালাইজেশন পদ্ধতিতে একই প্ল্যাটফর্মে এনে সমন্বিত ব্যবস্থাপনা চালুকরণ।